

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৬৪

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ মেসওয়াক কারীর জন্য আল্লাহর সম্ভুষ্টি লাভ

# ذِكْرُ إِثْبَاتِ رِضَا اللَّهِ عَزَّ وَجَلَّ لِلْمُتَسَوِّكِ

#### আরবী

1064 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ الشَّيْبَانِيُّ حَدَّثَنَا رَوْحُ بْنُ عَبْدِ الْمُوْمِنِ الْمُقْرِئُ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَتِيقٍ سَمِعْتُ أَبِي سَمِعْتُ عَائِشَةَ تُحَدِّثُ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَتِيقٍ سَمِعْتُ أَبِي سَمِعْتُ عَائِشَةَ تُحَدِّثُ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (السِّواكُ مطهرة للفم مرضاة للرب) الراوي: عَائِشَة ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1064 ا خلاصة حكم المحدث:. صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو عَتِيقٍ هَذَا اسْمُهُ: محمد بن عبد الرحمن ابن أبي بَكْرِ بْنِ أبي قُحَافَةَ لَهُ مِن النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رُونْيَةٌ وَهَوُّلَاءِ أَرْبَعَةٌ فِي نَسَقٍ وَاحِدٍ لَهُمْ كُلُّهُمْ رُونْيَةٌ مِنَ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَبُو قُحَافَةَ وَابْنُهُ أَبُو بَكْرٍ الصِّدِيقُ وَابْنُهُ عَبْدُ الرَّحْمَنِ وَابْنُهُ أَبُو بَكْرٍ الصِّدِيقُ وَابْنُهُ عَبْدُ الرَّحْمَنِ وَابْنُهُ أَبُو بَكْرٍ الصِّدِيقُ وَابْنُهُ عَبْدُ الرَّحْمَنِ وَابْنُهُ أَبُو عَتِيقٍ وَلَيْسَ هَذَا لِأَحَدٍ فِي هَذِهِ الْأُمَّةِ غَيْرِهِمْ.

#### বাংলা

১০৬৪. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মেসওয়াক মুখকে পবিত্র করে আর প্রতিপালককে সম্ভুষ্ট করে।"[1]

আবূ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "আবূ আতীক রাবীর নাম মুহাম্মাদ বিন আব্দুর রহমান বিন আবূ বকর বিন আবূ কুহাফা রাদ্মাল্লাছ আনহুম আজমা'ঈন। তাঁর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম এর দর্শন লাভ হয়েছিল। একাধারে এই চারজনের সবারই রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম এর দর্শন লাভ হয়েছিল। তাঁরা হলেন আবূ কুহাফা, তাঁর ছেলে আবূ বকর সিদ্দীক, তাঁর ছেলে আব্দুর রহমান, তাঁর ছেলে আবূ আতীক। তাঁরা ছাড়া এই উম্মাহর আর কারো এমনটি হয়নি।"



### ফুটনোট

[1] সহীহ বুখারী: ৪/১৪৮; মুসনাদ আহমাদ: ৬/১২৪; নাসাঈ: ১/১০; সুনান বাইহাকী: ১/৩৪; মুসনাদ আশ শাফি'ঈ: ১/২৭; আবূ নুআইম, আল হিলইয়া: ৭/১৫৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৯৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৬৯; দারেমী: ১/১৭৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৩৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে উত্তম বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৬৬।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন